The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা
উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 928 | 26 June 2026 | শুক্রবার ১২ আষাঢ় ১৪৩২



Trump administration challenges New York new immigration law in court
→ Page 19

Clashing U.S. and Iranian Claims on Nuclear Inspection Show Challenge Ahead
→ Page 18





Israel's 'deliberate targeting' of children part of ongoing Gaza 'genocide': UN probe
→ Page 18

Trinamool rebels remove Mamata as chairperson
→ Page 19





## নতুন তারকার জন্ম হয়নি এবারের বিশ্বকাপে

### মতিউর রহমান চৌধুরী



*প্রখ্যাত সাংবাদিক ও দৈনিক মানবজমিন সম্পাদক বিশ্বকাপ ফুটবল উদ্বোধনী থেকেই কাভার করছেন মাঠ থেকে। নিউইয়র্কের পাঠকনন্দিত সাপ্তাহিক **আজকাল**-এর জন্য এবারের বিশ্বকাপে 'নতুন কোন তারকার জন্ম হয়নি' সম্পর্কিত তাঁর বিশেষ লেখাটি প্রকাশিত হলো। তিনি প্রতি সপ্তাহেই বিশ্বকাপ ২০২৬ নিয়ে **আজকাল**-এর পাঠকদের জন্য লিখছেন। চোখ রাখুন **আজকাল**-এর পাতায়।*

এবারের বিশ্বকাপ ফুটবল এই মুহূর্তে মনে হবে 'মেসিরই বিশ্বকাপ'। কিন্তু চূড়ান্ত মন্তব্য কি করা যাবে? কারণ ফুটবল কিন্তু এক অনিশ্চয়তার খেলা। কে ভেবেছিল ২০২২ বিশ্বকাপ কিলিয়ান এমবাপের হাত ছাড়া হয়ে যাবে। ফাইনালের ইতিহাসতো ছিল ভিন্ন। তিন গোল করে এমবাপে ইতিহাস রচনা করেছিলেন। কিন্তু টাইব্রেকারে খেলার ভাগ্য নির্ধারিত হয়ে যায়। স্বপ্নের ট্রফিটা চলে যায় মেসির হাতে।

এবার কি হবে? এবারের বিশ্বকাপে সেভাবে নতুন কোন তারকার জন্ম হয়নি বা উত্থান ঘটেনি এখনো। মেসি, রোনালডো, এমবাপে, হ্যালান্ড লামিল ইয়ামাল, হ্যারিকেইনরা এখনো আলোচনার কেন্দ্রবিন্দুতে। চেনা তারকারা নতুন নতুন রেকর্ড গড়ছেন। বলা চলে তারকার মেলা। কিন্তু টিম হিসেবে এখনো কাউকে একশ নম্বর দেওয়া যাবে না। ৪৮টি দেশ ১০৪টি ম্যাচ, হাজারো উচ্ছসিত সমর্থক। তাদের ভিড়ে এরপর ২৪ পৃষ্ঠায়

মন্তব্য প্রতিবেদন

## আমাদের ছিলেন একজন শামসুল হক

মনোয়ারুল ইসলাম



সত্যিই আনলাকি থারটিন। দিনভর উৎসাহিত ছিলাম। 'ইতিহাস গড়ছে বাংলাদেশিরা' এমন একটি রিপোর্ট লেখার অপেক্ষায় ছিলাম। আনলাকি থারটিন ভর করলো মাথায়। হাসতে পারলাম না। উচ্ছাসে মাটি চাপা পড়লো। আমরা হাসতে ভুলেই গেছি। সেই ৫ বছর আগে শাহানা হানিফ সিটি কাউন্সিলওম্যান পদে নির্বাচিত হবার পর হেসেছিলাম। এরপর ২৪ পৃষ্ঠায়

# অভিবাসী বিতারণে সুপ্রিম কোর্টের রায়ে ট্রাম্পের বিজয়

হাসান মাহমুদ

অবৈধ অভিবাসীদের বিতারণে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের এক ঐতিহাসিক রায় প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হাতকে আরও শক্তিশালি করেছে। প্রেসিডেন্ট ট্রাম্প অবৈধ অভিবাসিদের বিতারণের ব্যাপারে প্রথম থেকেই কঠোর ভূমিকা পালন করছেন। হাজার হাজার অভিবাসিকে নিজনিজ দেশে ফেরত পাঠানো হয়েছে। তৃতীয় দেশের নাগরিকদের ডিপোর্ট করার জন্য এল সালভাদর, জামাইকার মতো দ্বীপ রাষ্ট্রের সাথে সমঝোতা স্মারকও স্বাক্ষর করা হয়েছে।

এই রায়ের ফলে হাজার হাজার অবৈধ অভিবাসিকে ডিপোর্ট করা সহজ হবে



প্রেসিডেন্ট ট্রাম্প সুপ্রিম কোর্টের নতুন রায় পেয়ে তার অভিবাসন এজেন্ডার জন্য গুরুত্বপূর্ণ জয় অর্জন করেছেন। একটি মামলায়, আদালত রায় দিয়েছে যে, ট্রাম্প প্রশাসন হাজার হাজার হাইতিয়ান এবং সিরিয়ানদের জন্য অস্থায়ী আইনি সুরক্ষার অবসান ঘটাতে পারেন। সংখ্যাগরিষ্ঠ রায়ে উল্লেখ করা হয়েছে যে, যুক্তরাষ্ট্রের মাটিতে পৌছানোর আগেই সরকার অ্যাসাইলাম প্রার্থীকে তার দেশে ফিরিয়ে দিতে পারবে।

বিশেষজ্ঞরা বলেন, উচ্চ আদালতের এই রায় তাঁর সরকারের জন্য অনেক বড় বিজয়। সুপ্রিম কোর্টের বিচারকগণ গতকাল এরপর ২৪ পৃষ্ঠায়




## রাজনীতিতে কিংমেকার মামদানি!

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের রাজনীতিতে কিং মেকার হয়ে উঠছেন জোহরান মামদানি। ডেমোক্র্যাটিক প্রাইমারিতে ইনকামব্যান্ট কংগ্রেসম্যান প্রার্থীদের পরাজিত করে নিজের পছন্দের প্রার্থীদের জয়ের মালা পড়িয়েছেন। পার্টির দীর্ঘদিনের চেনা সমীকরণ ও ক্ষমতা কাঠামোর আমূল পরিবর্তন ঘটিয়ে এক নতুন 'পাওয়ার ব্রোকার' হিসেবে আবির্ভূত হয়েছেন তিনি।

মঙ্গলবারের ২৩ জুন ডেমোক্র্যাটিক প্রাইমারি নির্বাচনে জয়ের মাধ্যমে ডেমোক্রেটিক পার্টির ভেতরের প্রতিষ্ঠিত ধারাকে একরকম কোণঠাসা করে ফেলেছেন প্রগতিশীল ও সমাজতান্ত্রিক ঘরানার এই রাজনৈতিক নেতা।

মাত্র এক বছর আগে ডেমোক্রেটিক প্রাইমারিতে সাবেক গভর্নর অ্যান্ড্রু কুওমোকে হারিয়ে এরপর ২৪ পৃষ্ঠায়

## যুক্তরাষ্ট্রের আদালতে আইস'র গ্রেপ্তার সাময়িকভাবে নিষিদ্ধ

আজকাল রিপোর্ট

সান জোসের একজন ফেডারেল বিচারক আইসকে দেশব্যাপী আদালতগুলিতে গ্রেপ্তার করা থেকে সাময়িকভাবে নিষিদ্ধ করে রায় দিয়েছেন। গতকাল বৃহস্পতিবার বে এরিয়া ইমিগ্রেশন অ্যাটর্নিদের একটি জোটের পক্ষে তারা নির্ধারিত শুনানির জন্য উপস্থিত হওয়ার মুহূর্তে শত শত এরপর ২৪ পৃষ্ঠায়

## প্রধানমন্ত্রীর চীন সফরে ভারত চাপে

আজকাল প্রতিবেদন

প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফরের কারণে ভারত চাপে পড়েছে। ভারতের প্রধানমন্ত্রী এরপর ২০ পৃষ্ঠায়

ডেমোক্র্যাটিক প্রাইমারি

## বাংলাদেশি প্রার্থীরা কে কোথায়

আজকাল রিপোর্ট

ডনউইয়র্ক স্টেটের নির্বাচনে এসেমব্লিতে অংশ নিয়েছিলেন বাংলাদেশি ৪ জন প্রার্থী। এর মধ্যে শামসুল হক (জ্যাকসন হাইটস) তীব্র লড়াই করে এরপর ২৪ পৃষ্ঠায়

## সিটিজেনশীপ আবেদন ফি ১৩৩০ ডলার হচ্ছে




আজকাল রিপোর্ট

সিটিজেনশীপ আবেদন ফি ৭৬০ ডলার থেকে ১৩৩০ ডলার হচ্ছে। বাতিল হচ্ছে নিম্ন আয়ের আবেদনকারীদের জন্য ফি মওকুফের বিধান। যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব অর্জনের স্বপ্ন দেখা লাখো বৈধ অভিবাসীর জন্য বড় ধরনের আর্থিক বাধা তৈরি করতে পারে ট্রাম্প প্রশাসনের এই এরপর ২৪ পৃষ্ঠায়

New York State Department of Motor Vehicle Authorized
How to surrender or return your plates to the DMV?
DMV EXPRESS SERVICES
In the state of New York & All other states
NEW PLATE
PLATE TRANSFER
REG. RENEWAL
DMV FORM AVAILABLE
PLATE SURRENDER
DUBLICATE TITLE
NEW REGISTERATION
ISSUE NEW TITLE
508 Mcdonald Ave. Brooklyn, NY 11218
917.530.7004
dmvny2009@gmail.com
No appointment needed

Computer Support/Job?
ডাটা রিকভারি, নেটওয়ার্কিং, AI সফটওয়্যার
ট্যাক্স কোর্স ও কম্পিউটারের চাকুরী
২৫ বছরের অভিজ্ঞ প্রফেশনালদের পরামর্শ ও সহায়তা নিন।
(929) 665 2500
Tired of Driving? Get office Job

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave,Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-536-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

# NY INSURANCE BROKERAGE INC

NY I
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

## NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়

# শুভ জন্মদিন ফুটবলের জাদুকর মেসি

২৪ জুন ৩৯ বছরে পা দিয়ে যাওয়া এই বিশ্বসেরা তারকা প্রতিনিয়ত ফুটবল ইতিহাসকে নতুন করে লিখছেন। এই জাদুকরের নেতৃত্বে টানা দ্বিতীয় জয় তুলে নিয়ে ২০২৬ বিশ্বকাপেও শিরোপা ধরে রাখার স্বপ্ন দেখছে আর্জেন্টিনা।মেসির জন্মদিনে সাপ্তাহিক আজকালের পক্ষ থেকে মেসি ও মেসি ভক্তদের শুভেচ্ছা।

নিজেকে আরও উঁচুতে নিয়ে গেলেন 'মেসি দ্য ম্যাজিশিয়ান'। এক ম্যাচে ভাঙলেন বিশ্বকাপের দুই রেকর্ড।

> ছয়টি বিশ্বকাপ খেলে ১৮ গোলের মালিক এখন আলবিসেলেস্তে অধিনায়ক। ২০১০ সালের বিশ্বকাপ বাদে প্রতিটি আসরেই তিনি জালের দেখা পেয়েছেন, আর এবারের আসরে ইতিমধ্যেই করে ফেলেছেন ৫ গোল। ডালাসের এই অর্জন তাকে ফুটবল ইতিহাসের এক অন্য উচ্চতায় নিয়ে গেছে। এই মুহূর্তে মেসির এই রেকর্ডকে চ্যালেঞ্জ জানানোর মতো দৌড়ে আছেন কেবল ফ্রান্সের কিলিয়ান এমবাপ্পে। সেনেগালের বিপক্ষে জোড়া গোল করে ২৭ বছর বয়সী এমবাপ্পের গোল সংখ্যা এখন ১৪ (মাত্র ১৫ ম্যাচে)। অন্যদিকে ইংল্যান্ডের হ্যারি কেন (১০ গোল) ও পর্তুগালের ক্রিশ্চিয়ানো রোনালদো (৮ গোল) এই তালিকায় থাকলেও তারা মেসির চেয়ে অনেকখানি পিছিয়ে আছেন

গতকাল অস্ট্রিয়াকে ২-০ গোলে হারায় আর্জেন্টিনা। ডালাস স্টেডিয়ামে এই ম্যাচে জোড়া গোল করেন আর্জেন্টাইন অধিনায়ক লিওনেল মেসি। চলতি বিশ্বকাপের 'জে' গ্রুপে টানা দুই জয়ে ৬ পয়েন্ট নিয়ে শেষ ৩২ রাউন্ড নিশ্চিত করলো আর্জেন্টাইনরা। এদিন দিয়েগো ম্যারাডোনার এক স্মৃতি তাজা করেন মেসি। ১৯৮০তে অস্ট্রিয়ার সঙ্গে প্রথম সাক্ষাতে হ্যাটট্রিক করেছিলেন আর্জেন্টাইন ফুটবল ঈশ্বর ম্যারাডোনা। গতকাল পেনাল্টি মিস না করলে হ্যাটট্রিক পেতেন মেসিও।

বিশ্বকাপে সর্বোচ্চ গোলের রেকর্ড এখন মেসির। তার গোলসংখ্যা দাঁড়ালো ১৮-তে। জার্মানির মিরোস্লাভ ক্লোসার ১৬ গোলের রেকর্ডটি ভেঙে দিলেন আর্জেন্টাইন জাদুকর। ক্লোসার আরও একটি রেকর্ড ভাঙলেন মেসি। বিশ্বকাপে এটি মেসির সর্বোচ্চ ১৭তম জয়। ১৬টি জয় রয়েছে ক্লোসার।

ডালাসে অস্ট্রিয়ার বিপক্ষে জোড়া গোল করে বিশ্বকাপের ইতিহাসে সর্বকালের সর্বোচ্চ গোলদাতা হওয়ার নতুন রেকর্ড গড়েছেন লিওনেল মেসি। এই অনন্য অর্জনে তাকে অভিনন্দন জানিয়েছেন জার্মানির কিংবদন্তি স্ট্রাইকার মিরোস্লাভ ক্লোসা।

আলজেরিয়ার বিপক্ষে প্রথম ম্যাচে হ্যাটট্রিক করে ক্লোসার ১৬ গোলের রেকর্ডে ভাগ বসিয়েছিলেন মেসি; এবার আরও দুই গোল করে ১৮ গোল নিয়ে তিনি তালিকার একক শীর্ষে উঠে এলেন।

জার্মান সংবাদপত্র 'সুডডয়েচে জাইতুং'-কে দেওয়া এক সাক্ষাৎকারে ২০১৪ সালের বিশ্বকাপজয়ী ক্লোসা বলেন, 'আমার কাছে লিওনেল মেসিই সর্বকালের সেরা ফুটবলার! অভিনন্দন চ্যাম্পিয়ন!' ৪৮ বছর বয়সী এই সাবেক তারকা স্ট্রাইকার টুর্নামেন্ট শুরুর আগেই জানিয়েছিলেন, মেসি যদি তার রেকর্ড ভেঙে দেন তবে তিনি মোটেও কিছু মনে করবেন না।

ক্লোসা বলেছিলেন, 'রেকর্ড আজ হোক বা কাল ভাঙবেই। মেসি যদি তা করে তবে তাকে স্বাগত। আমি সবসময়ই মেসির বড় ভক্ত, ও একজন জিনিয়াস।' ছয়টি বিশ্বকাপ খেলে ১৮ গোলের মালিক এখন আলবিসেলেস্তে অধিনায়ক।

২০১০ সালের বিশ্বকাপ বাদে প্রতিটি আসরেই তিনি জালের দেখা পেয়েছেন, আর এবারের আসরে ইতিমধ্যেই করে ফেলেছেন ৫ গোল। ডালাসের এই অর্জন তাকে ফুটবল ইতিহাসের এক অন্য উচ্চতায় নিয়ে গেছে। এই মুহূর্তে মেসির এই রেকর্ডকে চ্যালেঞ্জ জানানোর মতো দৌড়ে আছেন কেবল ফ্রান্সের কিলিয়ান এমবাপ্পে। সেনেগালের বিপক্ষে জোড়া গোল করে ২৭ বছর বয়সী এমবাপ্পের গোল সংখ্যা এখন ১৪ (মাত্র ১৫ ম্যাচে)। অন্যদিকে ইংল্যান্ডের হ্যারি কেন (১০ গোল) ও পর্তুগালের ক্রিশ্চিয়ানো রোনালদো (৮ গোল) এই তালিকায় থাকলেও তারা মেসির চেয়ে অনেকখানি পিছিয়ে আছেন।

# খালেদা জিয়ার 'লুক ইস্ট' থেকে তারেক রহমানের 'বাংলাদেশ ফার্স্ট'

### মুহাম্মদ নূরে আলম



প্রধানমন্ত্রীর প্রথম বিদেশ সফর কোন দেশে হবে তা নিয়ে সামাজিক ও গণমাধ্যমে ছিল ব্যাপক আগ্রহ। কোনো পরাশক্তি বা আধিপত্যবাদী শক্তিকে খুশি করতে নয় মূলত বাংলাদেশ ফার্স্ট পলিসির কারণেই প্রধানমন্ত্রী মালয়েশিয়াকে প্রথম সফরের জন্য বেছে নেন। তার এই সিদ্ধান্তের মধ্যে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের বাস্তবমুখী, বহুমাত্রিক ও ভারসাম্যপূর্ণ নীতি এবং সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার 'লুক ইস্ট পলিসি' বা 'পূর্বমুখী নীতি'র সমন্বয় দেখা গেছে। ভারসাম্যপূর্ণ বৈদেশিক নীতিতে প্রথমে রেখেছেন বাংলাদেশকে। মূলত বাংলাদেশ ফার্স্ট পলিসি নিয়েই এগিয়ে যাচ্ছেন প্রধানমন্ত্রীর তারেক রহমান। বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ১৯৭৯ সালে মালয়েশিয়া এসেছিলেন। বিএনপি চেয়ারপার্সন, সাবেক প্রধানমন্ত্রী প্রয়াত খালেদা জিয়া ১৯৯৩ সালে মালয়েশিয়া এসেছিলেন। প্রধানমন্ত্রী হিসেবে ৩২ বছর পর বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান মালয়েশিয়া সফর করলেন।

বাংলাদেশ থেকে জনশক্তি রপ্তানির তালিকায় চতুর্থ অবস্থানে আছে মালয়েশিয়া। কাগজপত্র না থাকায় ৬ লাখের বেশি শ্রমিক দেশটিতে বসবাস করছেন অবৈধভাবে। তাদের অনেকেই বন্দি আছেন জেলে। প্রধানমন্ত্রীর এই সফরের প্রধান উদ্দেশ্য শ্রমবাজার ঠিক করা এবং অর্থনৈতিক সম্পর্ক বাড়ানো। এটি সম্ভব হলে জটিলতায় আটকে পড়া শ্রমিকদের সমস্যার সমাধান ও বাংলাদেশি শ্রমিকদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

এর আগে ২০১৪ সালের জুন মাসে তিনি লন্ডন থেকে সপরিবারে মালয়েশিয়ায় একটি ব্যক্তিগত সফরে গিয়েছিলেন। তার ছোট ভাই আরাফাত রহমান কোকো ২০১৫ সালের ২৪ জানুয়ারি মৃত্যুর আগে দীর্ঘ সময় মালয়েশিয়ায় সপরিবারে বসবাস করেছেন। সবকিছু মিলিয়ে মুসলিম সংখ্যাগরিষ্ঠ মালয়েশিয়াকে প্রথম রাষ্ট্রীয় সফরের জন্য পছন্দ করায় অনেকে ইতিবাচকভাবে দেখছেন।

> বাংলাদেশি কর্মীদের জন্য মালয়েশিয়ার শ্রমবাজার দ্রুত চালু করা, অভিবাসন ব্যয় কমানো ও নিরাপদ কর্ম পরিবেশ নিশ্চিত করতে পারলেই এই সফর সাধারণ মানুষের কাছে ফলপ্রসূ বলে গণ্য হবে। আলোচনায় মালয়েশিয়ার ইতিবাচক সাড়া বেশ আশা জাগানিয়া। ভ্রাতৃপ্রতিম দুই দেশের সম্পর্ক এগিয়ে নেয়ার মাধ্যমে উভয় দেশই উপকৃত হবে। আর এই সফরের সফলতাই ঠিক করবে আগামীর দিনগুলো

দক্ষিণ এশিয়ার রাজনীতিতে ভারত ও চীনের সাথে ভারসাম্য বজায় রাখা বাংলাদেশের জন্য বড় চ্যালেঞ্জ। তারেক রহমানের প্রশাসন কেবল কোনো একটি দেশের দিকে ঝুঁকে না থেকে দুই দেশের সাথেই অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক বজায় রাখার চেষ্টা করছে। পরিস্থিতি স্বাভাবিক হলে তাঁর ভারত সফরে যাওয়ারও কথা রয়েছে।

**মালয়েশিয়ার উষ্ণ অভ্যর্থনা**

মালয়েশিয়ায় রাষ্ট্রীয়ভাবে অত্যন্ত আড়ম্বরপূর্ণভাবে প্রধানমন্ত্রীকে বরণ করে নেয়া হয়। পাশাপাশি সেই দেশের গণমাধ্যমেও প্রধানমন্ত্রী তারেক রহমানের সফরকে বেশ গুরুত্ব দিয়ে সংবাদ প্রকাশ করে। সরকার প্রধান হিসেবে এটি তার প্রথম দ্বিপাক্ষিক বিদেশ সফর হওয়ায় মালয়েশিয়ার প্রধান সংবাদমাধ্যমগুলো এই সফরকে দুই দেশের সম্পর্কের একটি 'নতুন দিগন্ত' বা নতুন অধ্যায় হিসেবে দেখছে। প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম এবং রাজা সুলতান ইব্রাহিমের সাথে তারেক রহমানের একান্ত ও প্রতিনিধি পর্যায়ের বৈঠকগুলোর খবর ফলাও করে প্রচার করা হয়েছে। এমনকি আনোয়ার ইবরাহিমের নিজের সামাজিক যোগাযোগ মাধ্যমের বিভিন্ন পেজে দারুণভাবে তারেক রহমানকে উপস্থাপন করেছেন।

**সফরের অর্জন**

প্রধানমন্ত্রীর মালয়েশিয়া সফর মাত্র ১৮ ঘণ্টার হলেও যে আলোচনা, সমঝোতা ও পারস্পরিক সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়েছে, তা আগামী দিনে দুই দেশের জন্য বহুমাত্রিক সম্ভাবনার নতুন দ্বার উন্মোচন করবে। সফরে দুই দেশের প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে সংস্কৃতি বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। বিনিয়োগ বৃদ্ধি ও সন্ত্রাস দমনে ২টি কূটনৈতিক নোট বিনিময় করা হয়েছে।

প্রধানমন্ত্রীর সফরকালে প্রধানমন্ত্রীর সঙ্গে মালয়েশিয়ার পাঁচটি বৃহৎ ব্যবসা প্রতিষ্ঠানের শীর্ষ কর্মকর্তারা পৃথকভাবে সাক্ষাৎ করেছেন। এর মধ্যে রয়েছে পেট্রোনাস, আজিয়াটা, এয়ারএশিয়া, পার্ডুয়া এবং এমএমসি পোর্ট।

জনগণের স্বার্থ প্রতিষ্ঠায় প্রধানমন্ত্রী তার দ্বিপাক্ষিক বৈঠকে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী এবং রাজার সঙ্গে শ্রমবাজার পুনরায় উন্মুক্ত করার বিষয়টি নিয়ে আলোচনা করেছেন। এ বিষয়ে ইতিবাচক সাড়াও পেয়েছেন প্রধানমন্ত্রী।

এরপর ২৮ পৃষ্ঠায়

# চীন-বাংলাদেশ সম্পর্ক: উদীয়মান প্রাচ্যের জোয়ারে নতুন যাত্রা

### ইয়াও ওয়েন

গণপ্রজাতন্ত্রী চীনের প্রধানমন্ত্রী লি কিয়াংয়ের আমন্ত্রণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী তারেক রহমান শিগগিরই চীন সফরে গিয়েছেন। তিনি ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের ১৭তম 'নিউ চ্যাম্পিয়নস'-এর বার্ষিক সভায় (২০২৬ সামার দাভোস ফোরাম) অংশ নেবেন। চীন ও বাংলাদেশের কূটনৈতিক সম্পর্কের পরবর্তী 'স্বর্ণালি ৫০ বছর'-এর সূচনালগ্নে এই গুরুত্বপূর্ণ সময়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের এই প্রথম চীন সফর অতীত অর্জনের ধারাবাহিকতা বজায় রাখা এবং ভবিষ্যতের পথ নির্ধারণে ঐতিহাসিক গুরুত্ব বহন করে।

এ সফর নিঃসন্দেহে আগামী সময়ে চীন-বাংলাদেশ সম্পর্কের বিকাশে শক্তিশালী গতি সঞ্চার করবে এবং 'সমন্বিত কৌশলগত সহযোগিতা অংশীদারত্ব'কে গুণগত ও কাঠামোগতভাবে আরও উন্নত করবে। দুই দেশের নেতাদের কৌশলগত দিকনির্দেশনায় চীন-বাংলাদেশ সম্পর্ক আরও দৃঢ় রাজনৈতিক আস্থা, আরও গভীর বাস্তবভিত্তিক সহযোগিতা এবং আরও শক্তিশালী আন্তর্জাতিক সমন্বয়ের মাধ্যমে এগিয়ে যাবে।

**আরও দৃঢ় রাজনৈতিক আস্থা**

চীন মনে করে, দেশ ছোট বা বড়, শক্তিশালী বা দুর্বল, ধনী বা দরিদ্র-সব দেশই আন্তর্জাতিক সম্প্রদায়ের সমান সদস্য এবং সবারই আন্তর্জাতিক বিষয়ে অংশ নেওয়ার সমান অধিকার রয়েছে। চীন প্রতিবেশী কূটনীতিতে সৌহার্দ্য, আন্তরিকতা, পারস্পরিক লাভ ও অন্তর্ভুক্তির নীতি অনুসরণ করে। একই সঙ্গে অন্য দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করা এবং কোনো রাজনৈতিক শর্ত ছাড়াই সহায়তা দেওয়ার প্রতিশ্রুতিতে অটল রয়েছে। এই দৃষ্টিভঙ্গি চীন-বাংলাদেশ সম্পর্কের মধ্যেও স্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে। ১৯৭৫ সালের ৪ অক্টোবর চীন ও বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে, যা বন্ধুত্বপূর্ণ বিনিময়ের এক নতুন যুগের সূচনা করে। ১৯৭৭ সালের জানুয়ারিতে বাংলাদেশের তৎকালীন প্রধান সামরিক আইন প্রশাসক ও সেনাপ্রধান জিয়াউর রহমান প্রথমবারের মতো চীন সফর করেন। তখন চীন বাংলাদেশের জাতীয় স্বাধীনতা রক্ষায় তার সমর্থন স্পষ্টভাবে ব্যক্ত করে, যা দ্বিপক্ষীয় সম্পর্কের বিকাশে একটি দৃঢ় ভিত্তি তৈরি করে। বেগম খালেদা জিয়া মোট নয়বার চীন সফর করেছেন, যার মধ্যে পাঁচবার তিনি প্রধানমন্ত্রী হিসেবে সফর করেন। দুই দেশের মধ্যে ঘন ঘন উচ্চপর্যায়ের এই সফর ও যোগাযোগ দ্বিপক্ষীয় সম্পর্কের স্থিতিশীল অগ্রগতিতে শক্তিশালী রাজনৈতিক দিকনির্দেশনা দিয়েছে।



অর্ধশতাব্দী ধরে আন্তর্জাতিক পরিস্থিতিতে যত পরিবর্তনই ঘটুক না কেন, চীন ও বাংলাদেশ সব সময় একে অপরকে সম্মান করেছে, সমতার ভিত্তিতে সম্পর্ক বজায় রেখেছে এবং পারস্পরিক স্বার্থ ও গুরুত্বপূর্ণ ইস্যুতে একে অপরকে বোঝাপড়া ও সমর্থন দিয়েছে। উন্নয়নশীল দেশগুলোর মধ্যে বন্ধুত্বপূর্ণ সহযোগিতা ও পারস্পরিক লাভের এক উজ্জ্বল উদাহরণ হয়ে উঠেছে দুই দেশ। প্রধানমন্ত্রী তারেক রহমান দায়িত্ব গ্রহণের শুরুতেই চীন সফরে যাওয়-এটি বাংলাদেশের পক্ষ থেকে চীনের সঙ্গে সম্পর্ক উন্নয়নের প্রতি বিশেষ গুরুত্বের প্রমাণ। পাশাপাশি এটি দুই দেশের গভীর রাজনৈতিক আস্থার ভিত্তিকেও তুলে ধরে।

বর্তমানে চীন ও বাংলাদেশ-উভয় দেশই নিজ নিজ জাতীয় উন্নয়নের এক গুরুত্বপূর্ণ পর্যায়ে রয়েছে এবং সামনে এগিয়ে যাওয়ার পথে নানা চ্যালেঞ্জ ও বাধার মুখোমুখি। ২০২৬ সাল চীনের ১৫তম পঞ্চবার্ষিক পরিকল্পনার সূচনা। চীন সর্বক্ষেত্রে আধুনিকায়নের পথে এগিয়ে যাচ্ছে এবং একটি পূর্ণাঙ্গ আধুনিক সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠনের কৌশলগত লক্ষ্যে কাজ করছে।

অন্যদিকে নতুন বাংলাদেশ সরকার দায়িত্ব নেওয়ার পর থেকেই জাতীয় ঐক্য ও স্থিতিশীলতা বজায় রাখা, অর্থনীতি ও মানুষের জীবনমান উন্নয়ন, বিনিয়োগ ও কর্মসংস্থান বৃদ্ধি-এসব ক্ষেত্রে একাধিক পদক্ষেপ নিয়েছে। একই সঙ্গে ২০৩৪ সালের মধ্যে এক ট্রিলিয়ন ডলারের অর্থনীতি গড়ে তোলার লক্ষ্য নিয়েও এগোচ্ছে। এসব উদ্যোগ তাদের দৃঢ়সংকল্প ও চ্যালেঞ্জ মোকাবিলার প্রস্তুতিরই প্রতিফলন।

এই অভিন্ন পরিস্থিতি ও অভিন্ন আকাঙ্ক্ষার কারণেই চীন ও বাংলাদেশের এখন একে অপরের কাছ থেকে শেখা এবং একসঙ্গে এগিয়ে যাওয়ার প্রয়োজন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি। এই সফরে দুই দেশের নেতারা শাসনব্যবস্থার অভিজ্ঞতা নিয়ে গভীর আলোচনা করবেন এবং উন্নয়ন, অর্থনৈতিক রূপান্তর, সংস্কারসহ গুরুত্বপূর্ণ বিষয়গুলোতে মতবিনিময় করবেন। পাশাপাশি দলীয় পর্যায়ের যোগাযোগ আরও জোরদার করা হবে, উচ্চপর্যায়ের সফর ও কৌশলগত সংলাপ বাড়ানো হবে।

আশা করা যায়, এই অভিজ্ঞতা বিনিময় যত গভীর হবে, ততই দুই দেশের রাজনৈতিক আস্থা আরও শক্তিশালী হবে এবং দ্বিপক্ষীয় সম্পর্ক ধারাবাহিকভাবে এগিয়ে যাবে।

**আরও গভীর বাস্তব সহযোগিতা**

চীন-বাংলাদেশ সম্পর্কের মূল চালিকা শক্তি বরাবরই অর্থনৈতিক ও বাণিজ্যিক সহযোগিতা। ২০১০ থেকে ২০২৫ সাল পর্যন্ত টানা ১৬ বছর চীন বাংলাদেশের বৃহত্তম বাণিজ্য অংশীদার হিসেবে রয়েছে।

এরপর ২০ পৃষ্ঠায়

> সমুদ্রের জোয়ার যখন পূর্ণতায় থাকে আর পাল যখন অনুকূল বাতাসে ভরা থাকে, তখনই যাত্রা সবচেয়ে সফল হয়। প্রধানমন্ত্রী তারেক রহমানের এই চীন সফরও তেমনি চীন-বাংলাদেশ সম্পর্কের উন্নয়নের জন্য আরও বৃহৎ ও উজ্জ্বল রূপরেখা তৈরি করবে। চলুন, আমরা এই সফরের পূর্ণ সাফল্য কামনা করি এবং আশা করি, নতুন যুগে চীন-বাংলাদেশের দীর্ঘদিনের বন্ধুত্ব আরও উজ্জ্বল হয়ে উঠবে

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# ইরান দিয়েছে ১২ গোল, যুক্তরাষ্ট্র ২ গোল

> সম্ভাবনার অর্থে ইরান চুক্তি তেমন ফলাফল অর্জনে সক্ষম। অবিশ্বাস্য মনে হতে পারে, কিন্তু ট্রাম্প নিজে একাধিকবার বলেছেন, পৃথিবীর প্রকৃত মহান কোনো দেশ অনন্তকাল অন্য দেশের সঙ্গে যুদ্ধে জড়িয়ে থাকে না, থাকতে পারে না। একই কথা বলেছেন ইরান-যুক্তরাষ্ট্র সম্পর্ক প্রশ্নে। 'আমাদের দুই দেশ অনন্তকাল একে অপরের সঙ্গে যুদ্ধে লিপ্ত হবে, তা মোটেই বাস্তবসম্মত নয়।' যে ট্রাম্প একসময় ইরানকে ধূলিসাৎ করার কথা বলেছিলেন, সেই তিনি যে শান্তির কথা বলছেন, তা ঠাট্টার বিষয় নয়, স্বস্তির বিষয়। চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ষাট দিনের সময়-ঘণ্টা চলা শুরু হয়েছে। আমাদের প্রার্থনা থাকবে, এই চুক্তির বাস্তবায়নের মাধ্যমে এক ক্রুদ্ধ ও করুণ সময় অতিক্রম করে পৃথিবী যেন দীর্ঘস্থায়ী শান্তি ও নিরাপত্তাচক্রে প্রবেশে সক্ষম হয়

হাসান ফেরদৌস



মাত্র কয়েক দিন আগেও প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের নেতাদের উন্মাদ ও নরাধম ('স্কামব্যাগ') নামে অভিহিত করেছিলেন। সে দেশের প্রাক্তন সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনিকে 'বিশ্বের সবচেয়ে দুষ্টব্যক্তি' নামে অভিহিত করেছিলেন। অশোভন ভাষায় ইরানি নেতাদের ঢালাওভাবে 'ক্রেজি বাস্টার্ডস' বলে বিষোদ্গার করেছিলেন।

সেই বদ্ধ উন্মাদ ও নরাধমদের সঙ্গেই স্থায়ী শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে এক সমঝোতা স্মারকে স্বাক্ষর করেছেন ট্রাম্প। কথা ছিল উভয় পক্ষ মুখোমুখি হয়ে আনুষ্ঠানিক স্বাক্ষর অনুষ্ঠানে অংশ নেবেন। লেবাননে ইসরায়েল-হিজবুল্লাহ নতুন সংঘর্ষের কারণ তা বাতিল হয়ে গেলে ট্রাম্প নিজেই জেনেভায় জি-৭ শীর্ষ বৈঠকের এক ফাঁকে কলম নিয়ে সেই চুক্তি করলেন।

প্রায় সব ভাষ্যকারের বিবেচনায় ইরানের জন্য এই চুক্তি-হোক না তা সাময়িক-বিশাল বিজয় এনে দিয়েছে। যুদ্ধ করে ইরান যা করতে পারেনি, পারা সম্ভবও ছিল না, ঠিক সেই অসম্ভবটি সম্ভব হয়েছে। মাত্র ৬০ দিনের জন্য স্বাক্ষরিত এই সমঝোতা স্মারকের ফলে ইরানের সমুদ্রসীমায় মার্কিন নৌ অবরোধ তুলে নেওয়া হচ্ছে, সরিয়ে নেওয়া হচ্ছে প্রায় ৫০ হাজার মার্কিন নৌসেনা। পর্যায়ক্রমে তুলে নেওয়া হবে ইরানের বিরুদ্ধে আরোপিত সব নিষেধাজ্ঞা। যে বিপুল পরিমাণ ইরানি অর্থ বিশ্বের বিভিন্ন দেশে জব্দ করা হয়েছে, তাও ফিরিয়ে দেওয়া হবে। শুধু তা-ই নয়, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সামরিক হামলার ফলে ইরানে যে ক্ষয়ক্ষতি হয়েছে, তা মেটাতে ৩০০ বিলিয়ন ডলারের একটি 'বিনিয়োগ তহবিল' গঠিত হবে।

এই স্মারক সমঝোতা অনুসারে, শুধু এই দুই দেশের মধ্যে সব হানাহানি বন্ধ হবে তা-ই নয়, লেবাননে ইসরায়েলি হামলাও বন্ধ হবে। বলা হয়েছে, ইসরায়েল লেবাননের সার্বভৌমত্ব মেনে চলবে, যদিও দেশটি এই চুক্তিপত্রের অংশীদার নয়।

অন্যদিকে ইরান দুটি সুনির্দিষ্ট শর্ত পূরণে সম্মত হয়েছে তারা অবিলম্বে হরমুজ প্রণালি খুলে দেবে এবং কখনোই পারমাণবিক শক্তি অর্জন করবে না এই মর্মে প্রতিশ্রুতিবদ্ধ হবে।

**ইরান সব, যুক্তরাষ্ট্র কাঁচকলা**

এই চুক্তিতে মোট ১৪টি ধারা রয়েছে। ফুটবলের ভাষায় বলতে হয়, এই চুক্তির মাধ্যমে ইরান দিয়েছে ১২ গোল, যুক্তরাষ্ট্র ২ গোল। ট্রাম্পের ঘনিষ্ঠ মিত্ররাই বলছেন, এই চুক্তির ফলে ইরানের কাছে যুক্তরাষ্ট্র আত্মসমর্পণ করল। রিপাবলিকান সিনেটর বিল ক্যাসিডি বলেছেন, হায় হায়, এমন আত্মঘাতী চুক্তি ট্রাম্প কীভাবে স্বাক্ষরে সম্মত হলেন! তাঁর আরেক সমর্থক সিনেটর টেড ক্রুজ বলেছেন, এমন চুক্তিকে সমর্থন করা যায় না। এদের মনোভাবের সারাংশ মিলবে ট্রাম্পের ঘোর সমর্থক নিউইয়র্ক পোস্ট পত্রিকায়, যার প্রথম পাতায় শিরোনাম হলো-এই চুক্তি ইরানকে সব দিয়েছে, আমেরিকা পেয়েছে কাঁচকলা।



ইসরায়েলের মিডিয়া ও রাজনৈতিক নেতারা যা বলেছেন তার তুলনায় এসব সমালোচনা অবশ্য বলতে গেলে নস্যি। ট্রাম্পকে এই যুদ্ধে টেনে এনেছিলেন ইসরায়েলি প্রধানমন্ত্রী 'বিবি' নেতানিয়াহু ও আমেরিকায় ইসরায়েলি যুদ্ধবাজ লবি। নেতানিয়াহু আশা করেছিলেন, ট্রাম্পের কাঁধে বন্দুক রেখে ইরান নামক এই 'বিষধর সাপটি' (উপমাটি অবশ্য সৌদি বাদশা আবদুল্লার) চিরতরে নাশ করা যাবে। অথচ দেখা গেল, সাপ তো মরলই না, উল্টো তাঁর নিজের লাঠিটিই ভেঙে খানখান। প্রকাশ্যে কিছু বলার ক্ষমতা তাঁর নেই, ট্রাম্প যা বলবেন তার বিরুদ্ধাচরণ করে টিকে থাকা তাঁর পক্ষে অসম্ভব। টাইমস অব ইসরায়েল জানিয়েছে, ক্ষিপ্ত নেতানিয়াহু সহকর্মীদের বলেছেন, এটি ট্রাম্পের চুক্তি, ইসরায়েলের নয়। বেসবলের উপমা ব্যবহার করে তিনি বলেছেন, এই চুক্তির ফলে ইরান 'হোম রান' করল। অর্থাৎ তারা যুক্তরাষ্ট্রকে গোহারা হারাল।

অনেকেই আশঙ্কা প্রকাশ করেছেন, নেতানিয়াহু চাইলে পুরো চুক্তিটি বানচাল করতে পারেন। তাঁর হাতের ট্রাম্প কার্ড হলো লেবানন। সে বিবেচনা মাথায় নিয়ে নেতানিয়াহুকে কঠোর ভাষায় সতর্ক করে দিয়েছেন ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্স। বৃহস্পতিবার হোয়াইট হাউসে এক বিবৃতিতে তিনি ইসরায়েলি নেতাদের মনে করিয়ে দিয়েছেন, ট্রাম্প ও যুক্তরাষ্ট্র ছাড়া ইসরায়েলের পক্ষে নিজের অস্তিত্ব টিকিয়ে রাখাই অসম্ভব। তিনি বলেছেন, যে অস্ত্রশস্ত্র দিয়ে আপনাদের দেশকে রক্ষা করা হলো, ভুলে যাবেন না তার দুই-তৃতীয়াংশই এসেছে আমেরিকা থেকে।

কোনো সন্দেহ নেই, যে ফন্দি নিয়ে ট্রাম্প ইসরায়েলকে বগলদাবা করে ইরানের বিরুদ্ধে যুদ্ধে গিয়েছিলেন, তার কোনোটাই অর্জিত হয়নি। সুপরিচিত অনুসন্ধানী সাংবাদিক জেরেমি স্কেহিল 'ডেমোক্রেসি নাও' পডকাস্টে বলেছেন, ট্রাম্প ও নেতানিয়াহু আশা করেছিলেন খুব সহজেই ইরানের বিপ্লবী সরকারকে হটিয়ে তাঁদের পছন্দমতো সরকার ক্ষমতায় বসাবেন এবং সে দেশের পারমাণবিক কর্মসূচি চিরতরে ইতি টানবেন। বাস্তবে তা সম্ভব হয়নি।

ইরান যদিও বলছে সে পারমাণবিক অস্ত্র বানাবে না-যে কথা সে ২০১৫ সালে স্বাক্ষরিত চুক্তিতেও বলেছিল-কিন্তু পারমাণবিক শক্তি শান্তিপূর্ণ কাজে ব্যবহার করবে না, সে কথা সে কখনোই বলেনি। হয়তো মেনেও নেবে না। স্কেহিলের কথায়, পারমাণবিক অস্ত্র প্রশ্নে ইরানের প্রতিশ্রুতিকে ট্রাম্প মস্ত এক বিজয় বলে দাবি করছেন বটে, কিন্তু সে কথা তো ইরান

এরপর ২০ পৃষ্ঠায়



# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
**(To schedule appointment only)**



Michael Taub, Esq.



Moin Choudhury, Esq.

**এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস**

## বিনামূল্যে পরামর্শ

**প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন**

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা


**IMMIGRATION**
(Consultation fee applies)








## ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি



Attorney
Michigan Only.




Attorney
Michigan Only.



Attorney
New Jersey Only



Attorney, Buffalo
New York Only



Attorney
Connecticut Only



Attorney
Pennsylvania Only

## WWW.MOINLAW.COM


Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States. Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**

JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত | আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES · Biman Bangladesh Airlines · American Airlines · ETIHAD AIRWAYS · QATAR AIRWAYS · Emirates · KUWAIT AIRWAYS




## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট



জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট



মাহির
ট্রাভেল কনসালটেন্ট



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট



নিলয়
ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# আত্মঘাতী সাম্প্রদায়িকতা ভারতের বিপর্যয়ের কারণ হতে পারে

ড. মাহবুব উল্লাহ্

ভারতে এখন মুসলমান ও বাংলাদেশকে ঘিরে যা কিছু ঘটছে এবং যেসব উসকানিমূলক বক্তব্য হাজির করা হচ্ছে, তাতে মনে হয় না অদূরভবিষ্যতে ভারত ও বাংলাদেশের মধ্যে নতুন করে সুসম্পর্কের সূচনা হবে। ভারত তার ক্ষুদ্র প্রতিবেশী বাংলাদেশকে একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসাবে বিবেচনা করে না। ভারতের এমন ঔদ্ধত্যপূর্ণ আচরণ বিভিন্ন কর্মকাণ্ডের মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে। ভারত যতদিন সমতার ভিত্তিতে বাংলাদেশের প্রতি তার নীতিনির্ধারণ না করবে, ততদিন এ দুই রাষ্ট্রের সম্পর্ক স্বাভাবিক হয়ে উঠবে না।

ইদানীংকালে ভারতের হিন্দুত্ববাদী রাষ্ট্রদর্শন চরম রূপ পরিগ্রহ করেছে। ভারতের একজন অবসরপ্রাপ্ত প্রধান সেনাপতি অখণ্ড ভারত প্রতিষ্ঠার হুমকি দিয়েছেন। এ অখণ্ড ভারত প্রতিষ্ঠিত হলে বাংলাদেশ ও পাকিস্তান রাষ্ট্রের কোনো অস্তিত্ব থাকবে না। অবশ্য ভারতের এ ধরনের আগ্রাসী ও আধিপত্যবাদী নীতি নতুন কিছু নয়। ১৯৪৭-এর আগস্টে ভারতে যখন দুটি পৃথক স্বাধীন রাষ্ট্রের উত্থান হয়, তখন জওহরলাল নেহরু বলেছিলেন, ঘটনাটি একটি সাময়িক ঘটনামাত্র। সময়ের প্রবাহে ভারত বিভাগ মুছে যাবে। এছাড়া ওই সময় কংগ্রেস ওয়ার্কিং কমিটির বৈঠকেও অখণ্ড ভারতের পক্ষে প্রস্তাব পাশ করা হয়েছিল। এককথায় বলা যায়, ভারত কখনোই দক্ষিণ এশিয়ার ভূখণ্ডে ভারতের পাশে কোনো পৃথক রাষ্ট্রের অস্তিত্ব মেনে নেয়নি। ভারতীয় নেতৃত্বের লালিত অখণ্ড ভারতের স্বপ্ন বাস্তবায়িত হওয়ার অর্থ হলো, পাকিস্তান অর্জনের জন্য যারা রক্ত দিয়েছে এবং তারপর ১৯৭১-এ বাংলাদেশের মুক্তিযুদ্ধে যে লাখ লাখ মানুষ শহীদ হয়েছে, তাদের আত্মত্যাগ ব্যর্থ হয়ে যাবে। বাংলাদেশের কোনো দেশপ্রেমিক মানুষ এই ব্যর্থতা মেনে নিতে পারে না এবং হতে দিতে পারে না।

ভারতকে আধিপত্যবাদী ও সম্প্রসারণবাদী রাষ্ট্র হিসাবে গণ্য করা হয়। এর পেছনে অত্যন্ত নির্ভরযোগ্য সাক্ষ্য আছে। ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু তার 'উরংপড়াবৎু ড়ভ ওহফরধ' গ্রন্থে ভারতকে সংজ্ঞায়িত করেছেন সাংস্কৃতিক ভারত (Cultural India) হিসাবে। এ সাংস্কৃতিক ভারতের বিস্তার মধ্য এশিয়া থেকে দক্ষিণ-পূর্ব এশিয়ার ইন্দোচীন পর্যন্ত। এর মধ্যে ইন্দোনেশিয়াও অন্তর্ভুক্ত। যেসব দেশে ভারতীয় ডায়াস্পোরা আছে, সেসব দেশও সাংস্কৃতিক ভারতের অন্তর্ভুক্ত। এসব দেশের মধ্যে রয়েছে ফিজি ও দক্ষিণ আমেরিকার গায়ানা। ফিজিকে ভারত তার স্যাটেলাইট স্টেট হিসাবে গণ্য করে। ফিজির জনগোষ্ঠী দুভাগে বিভক্ত। এর একটি হলো ফিজির আদিবাসীরা এবং অন্যটি হলো সেখানে বসতি স্থাপনকারী ভারতীয়রা। ফিজির সিভিল সোসাইটিতে শিক্ষাদীক্ষা, ব্যবসা-বাণিজ্য এবং শিল্প-সংস্কৃতিতে ভারতীয়রা প্রাধান্য বিস্তার করে আছে। অন্যদিকে ফিজির ক্ষুদ্র সামরিক বাহিনীতে সেখানকার আদিবাসীদের প্রাধান্য পরিলক্ষিত হয়। ১৯৮৮ সালের দিকে ফিজির সামরিক নেতা রাবুকা সামরিক অভ্যুত্থান ঘটিয়ে রাষ্ট্রক্ষমতা দখল করেন। ফিজির আদিবাসী জনগণ সামাজিক ও অর্থনৈতিকভাবে অনগ্রসর, সে কারণে তারা রাজনৈতিক ক্ষমতা ভোগ করতে পারে না। ফিজিতে এ দ্বন্দ্ব দীর্ঘদিন ধরে অব্যাহত আছে। ভারত সরকার ও ফিজির ভারতীয় ডায়াস্পোরা স্থানীয় আদিবাসীদের অধিকারের স্বীকৃতি দিতে চায় না। ভারত ফিজিকে ভারত মহাসাগরের একটি আউট পোস্ট হিসাবে গণ্য করে।



ভারতের রাষ্ট্রীয় মনোগ্রামে রাজা অশোকের প্রতিচ্ছবি রয়েছে। হিন্দু ভারতের রাষ্ট্রীয় মনোগ্রামে বৌদ্ধ অশোকের প্রতিচ্ছবির তাৎপর্য কী? ভারত দেখাতে চায়, দক্ষিণ-পূর্ব এশিয়ার বৌদ্ধ জনগোষ্ঠীপ্রধান দেশগুলোর সঙ্গে ভারতের একটি নাড়ির যোগ আছে। এ নাড়ির যোগকে পুঁজি করে ভারত দক্ষিণ-পূর্ব এশিয়ার বৌদ্ধ সংখ্যাগরিষ্ঠ দেশগুলোকে নিজ প্রভাবের চৌহদ্দিতে (ঝঢ়যবৎব ড়ভ রহভষঁবহপব) পরিণত করতে চায়। এভাবেই ভারত তার সুপ্ত কিংবা ব্যাপ্ত আধিপত্যবাদী অভিলাষকে কার্যকর করতে চায়। দীর্ঘ সাড়ে ১৫ বছর শেখ হাসিনা বাংলাদেশের রাষ্ট্রীয় ক্ষমতায় অধিষ্ঠিত থাকতে পেরেছেন একদিকে তার চণ্ড দমননীতি দ্বারা, অন্যদিকে নির্লজ্জ ভারত তোষণের মাধ্যমে। তিনি নিজেই বলেছেন, ভারতকে যা দিয়েছি, ভারত তা চিরদিন মনে রাখবে। তার পররাষ্ট্রমন্ত্রী একে আব্দুল মোমেন বলেছিলেন, ভারত-বাংলাদেশ সম্পর্ক স্বামী-স্ত্রীর মতো। এর চেয়ে নির্লজ্জ ভারততোষণ আর কী হতে পারে? ২০২৪-এর জুলাই গণ-অভ্যুত্থানের পর শেখ হাসিনাসহ আওয়ামী লীগ নেতারা ভারতের আশ্রয়-প্রশ্রয়ে বহাল তবিয়তেই আছেন। তারা সেখান থেকে বাংলাদেশবিরোধী তৎপরতা চালাচ্ছেন এবং সোশ্যাল মিডিয়ায় নানা ধরনের মিথ্যা প্রচারণা ও বাগাড়ম্বর চালিয়ে যাচ্ছেন। দেশে সহস্রাধিক মানুষ হত্যা এবং কয়েক হাজার মানুষকে পঙ্গু করার জন্য এদের কোনো অনুশোচনা নেই। এদেরই উসকানিতে আওয়ামী লীগের প্রতিষ্ঠা দিবস ২৩ জুন দেশে থাকা আওয়ামী লীগের কর্মীরা কিছু নাশকতা ঘটিয়ে তাদের অস্তিত্ব ঘোষণার পাঁয়তারা করছিল। কিন্তু একটি কার্যক্রম নিষিদ্ধ দল হিসাবে তাদের এ পাঁয়তারা ছিল সম্পূর্ণ বে-আইনি। সরকার এরকম তৎপরতা যাতে না ঘটতে পারে, এর জন্য যথেষ্ট নিরাপত্তামূলক ব্যবস্থা নিয়েছে। ভুলে গেলে চলবে না, শেখ হাসিনার ফ্যাসিবাদী শাসন অব্যাহত থাকতে পেরেছে ভারতের প্রত্যক্ষ সমর্থনের ফলে। ভারত মনে করেছে, শেখ হাসিনার সরকারকে টিকিয়ে রাখতে পারলে বাংলাদেশের ভূখণ্ড ভারতের স্বার্থে যাচ্ছেতাইভাবে ব্যবহার করা যাবে। সে আয়োজনও এরপর ২৬ পৃষ্ঠায়



> কথায় বলে, দুর্জনের ছলের শেষ নেই। অতিসম্প্রতি মানবতাবাদী বুদ্ধিজীবী ও শিক্ষাবিদ এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের একসময়ের উপাচার্য স্যার হাসান সোহরাওয়ার্দীর নামে ঐতিহাসিক 'সোহরাওয়ার্দী' অ্যাভিনিউয়ের নাম বদলে রাখা হয়েছে 'গোপাল মুখার্জি রোড'। এই গোপাল মুখার্জি ওরফে গোপাল পাঁঠা হচ্ছে একজন পাঁঠার মাংসের কসাইয়ের নাম। এ কষাই ১৯৪৬-এর দাঙ্গায় শত-সহস্র কলকাতাবাসী মুসলিমকে হত্যা করেছিল। বিজেপি তার পরিচয়বাদী রাজনীতি চর্চার নামে একজন দাঙ্গাবাজ কসাইয়ের নামে কলকাতার রাজপথের নামকরণ করছে। চরম সাম্প্রদায়িক অধঃপতনের দৃষ্টান্ত আর কী হতে পারে! ভারতের এই জাত-পাতের রাজনীতি এবং জঘন্য সাম্প্রদায়িকতা আত্মঘাতী বিপর্যয়ে পর্যবসিত হতে পারে

# বঙ্গবীর ওসমানীকে তাঁর প্রাপ্য রাষ্ট্রীয় মর্যাদা কবে দেওয়া হবে?

> জাতি হিসেবে আমাদের মনে রাখতে হবে, ইতিহাসের মহানায়করা কেবল অতীতের স্মৃতি নন; তাঁরা ভবিষ্যৎ প্রজন্মের জন্য প্রেরণার উৎস। যাঁদের নেতৃত্বে স্বাধীনতা অর্জিত হয়েছে, তাদের যথাযথ সম্মান না দিলে ইতিহাসের প্রতি সুবিচার করা হয় না। বঙ্গবীর জেনারেল এম. এ. জি. ওসমানী কেবল একজন সেনানায়ক নন; তিনি স্বাধীন বাংলাদেশের জন্মের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত একটি মহিমান্বিত নাম। তাঁর প্রতি যথ যথ রাষ্ট্রীয় মর্যাদা প্রদর্শন কোনো ব্যক্তি বা সংগঠনের দাবি নয়; এটি জাতির নৈতিক দায়িত্ব। আমরা বিশ্বাস করি, মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এই ঐতিহাসিক দায়িত্ব পালনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন এবং মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক বঙ্গবীর জেনারেল এম. এ. জি. ওসমানীর প্রাপ্য সম্মান নিশ্চিত করে জাতির দীর্ঘদিনের প্রত্যাশা পূরণ করবেন

মাহমুদুর রহমান লায়েক

বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম ও মহান মুক্তিযুদ্ধের ইতিহাসে কিছু নাম চিরদিন জাতির হৃদয়ে অম্লান হয়ে থাকবে। সেই গৌরবোজ্জ্বল নামগুলোর মধ্যে অন্যতম হলো মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক বঙ্গবীর জেনারেল এম. এ. জি. ওসমানী। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে তাঁর অসাধারণ নেতৃত্ব, দূরদর্শিতা, সাংগঠনিক দক্ষতা এবং অটল দেশপ্রেমের মাধ্যমে মুক্তিবাহিনী একটি সুসংগঠিত সামরিক শক্তিতে পরিণত হয়েছিল। তাঁর নেতৃত্বেই মুক্তিযুদ্ধ পরিচালিত হয়েছে এবং অর্জিত হয়েছে বাংলাদেশের স্বাধীনতা।



কিন্তু স্বাধীনতার ৫৫ বছর পরও একটি প্রশ্ন জাতির বিবেককে নাড়া দেয়-মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক বঙ্গবীর জেনারেল এম. এ. জি. ওসমানী কি তাঁর প্রাপ্য রাষ্ট্রীয় মর্যাদা পেয়েছেন?

বাস্তবতা হলো, দেশের অসংখ্য মুক্তিযুদ্ধপ্রেমী মানুষ মনে করেন, বঙ্গবীর ওসমানীর অবদান আজও যথাযথভাবে রাষ্ট্রীয় স্বীকৃতি লাভ করেনি। একইভাবে মুক্তিযুদ্ধের অন্যতম সেক্টর কমান্ডার, জেড ফোর্সের অধিনায়ক এবং পরবর্তীকালে রাষ্ট্রপতি শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মুক্তিযুদ্ধকালীন অবদান নিয়েও দীর্ঘদিন নানা বিতর্ক ও রাজনৈতিক মূল্যায়নের সংকীর্ণতা পরিলক্ষিত হয়েছে। মুক্তিযুদ্ধ কোনো রাজনৈতিক দলের সম্পত্তি নয়; এটি সমগ্র জাতির অর্জন। স্বাধীনতার ইতিহাসে যাঁরা নেতৃত্ব দিয়েছেন, তাঁদের অবদান দলীয় পরিচয়ের ঊর্ধ্বে উঠে মূল্যায়ন করাই একটি দায়িত্বশীল রাষ্ট্রের বৈশিষ্ট্য। বঙ্গবীর ওসমানী যেমন মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক হিসেবে ইতিহাসের অবিচ্ছেদ্য অংশ, তেমনি শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান একজন বীর মুক্তিযোদ্ধা, সেক্টর কমান্ডার এবং জেড ফোর্সের অধিনায়ক হিসেবে জাতীয় ইতিহাসে চিরভাস্বর।



আমি ব্যক্তিগতভাবে গত ১৬ বছর ধরে "ওসমানী স্মৃতি পরিষদ" প্রতিষ্ঠা করে বঙ্গবীর ওসমানীর রাষ্ট্রীয় স্বীকৃতি, তাঁর জীবন ও কর্মের প্রচার এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে তাঁর আদর্শ তুলে ধরার লক্ষ্যে আন্দোলন করে আসছি। স্মারকলিপি প্রদান, সেমিনার, মানববন্ধন, আলোচনা সভা ও জনসচেতনতামূলক নানা কর্মসূচির মাধ্যমে আমরা রাষ্ট্রের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করেছি। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হয়, বিগত আওয়ামী লীগ সরকারের আমলে আমাদের এই দাবিগুলো বাস্তবায়নের জন্য দৃশ্যমান কোনো কার্যকর উদ্যোগ গ্রহণ করা হয়নি।

আজ দেশের মানুষ নতুন প্রত্যাশা নিয়ে বর্তমান সরকারের দিকে তাকিয়ে আছে। আমরা মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমানের কাছে আন্তরিকভাবে আবেদন জানাই। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের উত্তরসূরি হিসেবে তিনি মুক্তিযুদ্ধের ইতিহাস, জাতীয় বীরদের অবদান এবং রাষ্ট্রীয় মর্যাদার গুরুত্ব গভীরভাবে উপলব্ধি করবেন-এমনটাই আমাদের বিশ্বাস।

আমরা মনে করি, বর্তমান সরকারের পক্ষেই সম্ভব দীর্ঘদিনের এই ঐতিহাসিক শূন্যতা পূরণ করা। সেই লক্ষ্যে আমরা নিম্নোক্ত দাবিগুলো বাস্তবায়নের আহ্বান জানাচ্ছি-

১। মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক জেনারেল এম. এ. জি. ওসমানীকে বাংলাদেশের একমাত্র "বঙ্গবীর" এবং মহান মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক হিসেবে সরকারি গেজেট প্রকাশ করা।

২। তাঁর জন্ম ও মৃত্যুবার্ষিকী রাষ্ট্রীয়ভাবে পালন করা।

৩। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাঠ্যক্রমে তাঁর জীবন, কর্ম ও অবদান অন্তর্ভুক্ত করা।

৪। সিলেটে অবস্থিত বঙ্গবীর ওসমানী জাদুঘরকে আন্তর্জাতিক মানসম্পন্ন মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র ও জাদুঘরে উন্নীত করা।

৫। তাঁর নামে একটি সামরিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা।

৬। হবিগঞ্জের ঐতিহাসিক তেলিয়াপাড়া বাংলোয় মুক্তিযুদ্ধ স্মৃতি সংরক্ষণাগার ও জাদুঘর নির্মাণ করা।

জাতি হিসেবে আমাদের মনে রাখতে হবে, ইতিহাসের মহানায়করা কেবল অতীতের স্মৃতি নন; তাঁরা ভবিষ্যৎ প্রজন্মের জন্য প্রেরণার উৎস। যাঁদের নেতৃত্বে স্বাধীনতা অর্জিত হয়েছে, তাঁদের যথাযথ সম্মান না দিলে ইতিহাসের প্রতি সুবিচার করা হয় না।

বঙ্গবীর জেনারেল এম. এ. জি. ওসমানী কেবল একজন সেনানায়ক নন; তিনি স্বাধীন বাংলাদেশের জন্মের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত একটি মহিমান্বিত নাম। তাঁর প্রতি যথ যথ রাষ্ট্রীয় মর্যাদা প্রদর্শন কোনো ব্যক্তি বা সংগঠনের দাবি নয়; এটি জাতির নৈতিক দায়িত্ব।

আমরা বিশ্বাস করি, মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এই ঐতিহাসিক দায়িত্ব পালনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন এবং মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক বঙ্গবীর জেনারেল এম. এ. জি. ওসমানীর প্রাপ্য সম্মান নিশ্চিত করে জাতির দীর্ঘদিনের প্রত্যাশা পূরণ করবেন।

লেখক: প্রতিষ্ঠাতা, ওসমানী স্মৃতি পরিষদ।


NY INSURANCE
BROKEAGE INC.
TLC INSURANCE SPECIALIST
NY I
NY INSURANCE BROKERAGE
718 476-2025


NY CAR & LIMO
SERVICES INC
NY
CAR & LIMO
SERVICES INC.
B02902
BLACK & GREEN CAR BASE
718 727 4444


BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730


DMV EXPRESS
ABC-1234
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR


ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
☐ Personal Tax Filing
☐ Business Tax Filing
☐ New Business Setup
☐ Home & Business Insurance
☐ Immigration Services
☐ ITIN Number Application
☐ Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY
OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208






## প্রথম আলো উত্তর আমেরিকা ও সিবিএনের প্রতিষ্ঠাবার্ষিকী

৩ পৃষ্ঠার পর

ভিডিওচিত্রে প্রবাসী বাংলাদেশিদের জীবনসংগ্রাম, সাফল্য, সংস্কৃতি এবং কমিউনিটির বিভিন্ন উদ্যোগের পাশাপাশি দুটি প্রতিষ্ঠানের সাংবাদিকতার অগ্রযাত্রাও তুলে ধরা হয়। প্রথম আলো উত্তর আমেরিকার নির্বাহী সম্পাদক মনজুরুল হকের স্বাগত বক্তব্যের পর কবিতা আবৃত্তির মধ্য দিয়ে অনুষ্ঠানে এক ভিন্ন আবহের সৃষ্টি হয়। দীর্ঘ আনুষ্ঠানিক বক্তৃতার পরিবর্তে অংশগ্রহণমূলক পরিবেশ, সংক্ষিপ্ত উপস্থাপনা এবং আন্তরিক আয়োজন পুরো অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তোলে।

অনুষ্ঠানে প্রথম আলো উত্তর আমেরিকার সম্পাদক ইব্রাহীম চৌধুরী এবং তাঁর সহকর্মীদের অভিনন্দন জানিয়ে অতিথিরা বলেন, প্রবাসে বাংলা ভাষা, সংস্কৃতি ও সাংবাদিকতার ধারাবাহিক চর্চায় এই দুটি প্রতিষ্ঠানের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। নতুন প্রজন্মের কাছে বাংলাদেশি পরিচয়, ইতিহাস ও সাংস্কৃতিক ঐতিহ্য পৌঁছে দেওয়ার ক্ষেত্রেও প্রতিষ্ঠান দুটির অবদান প্রশংসনীয়।


বক্তারা বলেন, উত্তর আমেরিকায় বাংলাদেশি কমিউনিটির বিস্তৃতির সঙ্গে সঙ্গে দায়িত্বশীল, নির্ভরযোগ্য ও পেশাদার গণমাধ্যমের গুরুত্বও বহুগুণে বেড়েছে। সেই প্রেক্ষাপটে প্রথম আলো উত্তর আমেরিকা গত এক দশক ধরে সংবাদ, বিশ্লেষণ, সাহিত্য, সংস্কৃতি এবং কমিউনিটির ইতিবাচক কর্মকাণ্ড তুলে ধরে প্রবাসীদের আস্থার একটি শক্তিশালী প্ল্যাটফর্মে পরিণত হয়েছে। একইভাবে সিবিএন টিভি সংবাদ, টক শো, সাক্ষাৎকার, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং কমিউনিটির বিভিন্ন কার্যক্রম সম্প্রচারের মাধ্যমে স্বল্প সময়েই নিজস্ব পরিচিতি তৈরি করেছে।

সম্পাদক ইব্রাহীম চৌধুরী বলেন, একটি স্বপ্ন, একটি দায়বদ্ধতা এবং একটি কমিউনিটির গল্প নিয়ে প্রথম আলো উত্তর আমেরিকার যাত্রা শুরু হয়েছিল। গত দশ বছরে পাঠক, লেখক, শুভানুধ্যায়ী, বিজ্ঞাপনদাতা এবং কমিউনিটির মানুষের অকুণ্ঠ সমর্থনই এই পথচলার সবচেয়ে বড় শক্তি। তিনি বলেন, গণমাধ্যমের কাজ শুধু সংবাদ পরিবেশন নয়; সমাজে ইতিবাচক পরিবর্তনের অনুপ্রেরণা সৃষ্টি করা, মানুষের মধ্যে সংযোগ গড়ে তোলা এবং কমিউনিটির আস্থা অর্জন করাও একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব।

তিনি আরও বলেন, সিবিএন টিভির যাত্রাও একই দর্শনকে সামনে রেখে। প্রবাসী বাংলাদেশিদের জীবন, সাফল্য, সম্ভাবনা ও চ্যালেঞ্জকে আরও বিস্তৃত পরিসরে তুলে ধরার লক্ষ্যেই প্রতিষ্ঠানটি কাজ করে যাচ্ছে। ভবিষ্যতেও বস্তুনিষ্ঠ সাংবাদিকতা, প্রযুক্তিনির্ভর সংবাদ পরিবেশন এবং কমিউনিটির সেবায় আরও কার্যকর ভূমিকা রাখার প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি ও নিউইয়র্ক কমিউনিটির প্রবীণ ব্যক্তিত্ব নার্গিস আহমেদ প্রথম আলো উত্তর আমেরিকার সঙ্গে যুক্ত নারী সাংবাদিক, লেখক ও সাংস্কৃতিক কর্মীদের একটি শক্তিশালী প্ল্যাটফর্মে একত্রিত করার উদ্যোগের প্রশংসা করেন। তিনি বলেন, প্রবাসে নারীদের সাংবাদিকতা ও সাহিত্যচর্চায় সম্পৃক্ত করার ক্ষেত্রে প্রথম আলো উত্তর আমেরিকা একটি ব্যতিক্রমী ভূমিকা পালন করছে। অনুষ্ঠানে সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, বাংলা পত্রিকা ও টাইম টিভির প্রধান নির্বাহী আবু তাহের, শিল্পপতি গোলাম ফারুক ভূঁইয়া বক্তব্য রাখেন। শুভেচ্ছা বক্তব্য রাখেন নিউইয়র্ক বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সহসভাপতি মহীউদ্দিন দেওয়ান, কমিউনিটি নেতা তোফাজ্জেল চৌধুরী, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, সাংবাদিক শামীম শাহেদ, রহমান মাহবুব, আদনান সৈয়দ, শেলী জামান খান, রওশন হক, রুদ্র মাসুদ, রোকেয়া দীপা, আহমা সালিনা, শরিফুজ্জামান পল, ডা. শোয়েব আহমেদ, জয়নাল আবেদীন, রাশিদা কামাল, ওয়াহিদা শামসুন বাঁধন, রুপা খানম, নাহিদা ইয়াসমিন, সেলু আফরোজা, রাশিদা আখতার, ফারমিন আক্তার, গীতিকার মাহফুজুর রহমান, বৃহত্তর নোয়াখালী সোসাইটির সাধারণ সম্পাদক এএসএম মাইনউদ্দিন পিন্টু, সংগঠক মোতাহার হোসেন, অ্যাটর্নি মো. ফারহান, আবুল কাশেম, ঢাকা জেলা অ্যাসোসিয়েশনের সভাপতি দুলাল বেপেদু, আছিয়া আক্তার, সালমা ফেরদৌস, মিরসরাই সমিতির সাধারণ সম্পাদক আরিফুল হাসান, লেখক নুরুল খান, সুখেন গোমেজ, বিপুল গনজালেসসহ কমিউনিটির আরও অনেক বিশিষ্ট ব্যক্তি।

অনুষ্ঠানে বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও পেশাজীবী সংগঠনের পক্ষ থেকে প্রথম আলো উত্তর আমেরিকা ও সিবিএন টিভিকে শুভেচ্ছা স্মারক প্রদান করা হয়। বক্তারা স্বাধীন, দায়িত্বশীল ও জনমুখী প্রবাসী গণমাধ্যম গড়ে তোলার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন এবং আগামী দিনের পথচলার জন্য শুভকামনা জানান। অনুষ্ঠানে কবিতা আবৃত্তি করেন ডা. ফারুক আজম, নুরুন শামসুদ্দিন, কুলসুম আক্তার সুমাইয়া, শামছুন ফৌজিয়া, ফরিদা ইয়াসমীন, জেবুন্নেসা জোৎস্না, মিথা আসনিক, নীলু আফরোজা, সোহানা নাজনীনসহ আরও অনেক কবি ও সাহিত্যিক। শেষ পর্বে ফাহিম হোসেন, শান্তনু এবং তাঁদের দলের সুরেলা পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান দর্শকদের মুগ্ধ করে। স্যানমান গ্লোবালের সৌজন্যে একজন ভাগ্যবানের হাতে লটারির বিজয়ী টিকিট উপহার দেয়া হয়।




## নিউজার্সির প্রাইমারি নির্বাচনে সুব্রত ও লাকীর জয়লাভ

৩ পৃষ্ঠার পর

চট্টগ্রামের পটিয়া উপজেলার কচুয়াই গ্রামের বাসিন্দা সুব্রত চৌধুরী আটলান্টিক কাউন্টি গভর্নমেন্ট এর হিউম্যান সার্ভিসেস স্পেশালিস্ট পদে কর্মরত।

তিনি ২০১২ সালে অভিবাসীর মর্যাদায় সপরিবারে যুক্তরাষ্ট্রে আসার পর থেকেই সংবাদমাধ্যমের সাথে যুক্ত, আমেরিকা-বাংলাদেশ প্রেস ক্লাবের সহসভাপতি হিসাবেও দায়িত্ব পালন করেছেন। তিনি নিয়মিত ছড়া, কবিতা, গল্প লিখে থাকেন। এছাড়া সুব্রত চৌধুরী আটলান্টিক সিটি স্কুল বোর্ডের নির্বাচিত সদস্য, আটলান্টিক কাউন্টির 'সংস্কৃতি ও ঐতিহ্য বিষয়ক পরামর্শক পর্ষদ' সদস্য, এবং আটলান্টিক সিটি ফ্রি পাবলিক লাইব্রেরির ট্রাস্টি বোর্ডের সদস্য হিসাবেও দায়িত্ব পালন করছেন।

লাকী চৌধুরী- চট্টগ্রাম এর বোয়ালখালী উপজেলার উত্তর ভূর্ষি গ্রামের প্রয়াত শৈবাল শংকর চৌধুরী ও প্রয়াতা রানী চৌধুরীর কনিষ্ঠ কন্যা লাকী চৌধুরী আটলান্টিক সিটি গভর্নমেন্ট এর অধীনে মার্কেন্টাইল ও লাইসেন্সিং বিভাগে কর্মরত আছেন। তিনি ২০১২ সালে অভিবাসীর মর্যাদা নিয়ে সপরিবারে যুক্তরাষ্ট্রে আসেন।

# Clashing U.S. and Iranian Claims on Nuclear Inspection Show Challenge Ahead

**Ajkal Desk**



President Trump said that in the latest round of peace talks, Iran had agreed to full inspection of its nuclear sites. Iran's government said it had not.

The United States and Iran offered differing accounts on Tuesday over whether Tehran had agreed to allow international nuclear inspectors to visit its most sensitive nuclear sites, underscoring the complexity of the negotiations to reach a lasting peace.

Mr. Trump said in a post on social media on Tuesday that Iran had "fully and completely agreed to the highest level Nuclear inspections," adding that Iranian officials who claimed otherwise were making false statements. "If they did not agree to this, there would be no further negotiations!" he added.

